## এক নজরে ❖ প্রশ্নোত্তরে

◆ **NOTE :**
জনপ্রশাসন (Public Administratiion) পদ বা শব্দটি যথাক্রমে জন (Public) এবং প্রশাসন (Administration) এই দুটি শব্দের সমন্বয়ে গঠিত। প্রাক্তন মার্কিন রাষ্ট্রপতি ও প্রখ্যাত প্রশাসনবিদ উড্রো উইলসনের প্রচেষ্টায় জনপ্রশাসন একটি গুরুত্বপূর্ণ বিষয়ে পরিণত হয়। ক্রমশঃ সামাজিক বিবর্তনের মধ্য দিয়ে বা জনপ্রশাসন একটি পৃথক বা স্বতন্ত্র শাস্ত্রের মর্যাদা অর্জন করে।

**1** **জনপ্রশাসন ধারণাটি কোন্ দুটি শব্দকে সংযুক্ত করে? বা কোন্ দুটি শব্দের সমন্বয়ে জনপ্রশাসন বা Public Administration নামক পদ বা কথাটি গঠিত হয়?**

**Ans :** ♦ জন (Public) এবং প্রশাসন (Administration)।

**2** **Father of Public Administration বা জনপ্রশাসনের জনক নামে কাকে অভিহিত বা চিহ্নিত করা হয়? তাঁর একটি প্রবন্ধ Type গ্রন্থের নাম উল্লেখ কর।**

**Ans :** ♦ প্রাক্তন মার্কিন রাষ্ট্রপতি উড্রো উইলসনকে।

♦ The Study of Administration (1887 খ্রীঃ)।

◆ **NOTE :**
Administratiion অর্থাৎ প্রশাসন শব্দটি ইংরেজি শব্দ Administration থেকে এসেছে। আর এই Administer শব্দটি এসেছে ল্যাটিন শব্দ 'Ad' এবং 'Ministare' শব্দ থেকে। যার অর্থ সেবা করা। অত্যন্ত সাধারণভাবে, Administration বা প্রশাসন বলতে বোঝান হয় - পরিচালন বা জনগণের দেখাশোনা করা।

**3** **কে, কবে প্রথম জনপ্রশাসনকে 'একটি বিজ্ঞান' বলে অভিহিত বা চিহ্নিত করেন?**

**Ans :** ♦ প্রাক্তন মার্কিন রাষ্ট্রপতি উড্রোউইলসন।

♦ 1887 খ্রীঃ।

◆ **NOTE :**
প্রাক্তন মার্কিন রাষ্ট্রপতি উড্রোউইলসন ঃ তিনি মার্কিন যুক্ত রাষ্ট্রের প্রিন্সটন বিশ্ববিদ্যালয়ের রাষ্ট্রবিজ্ঞানের অধ্যাপক ছিলেন। তিনি রাজনৈতিক ও প্রশাসনকে পৃথক বা স্বতন্ত্র বিষয়গত দৃষ্টিভঙ্গী থেকে পর্যবেক্ষণ করেন। তাই তাকে রাজনীতি বা প্রশাসনে দ্বি-বিভাজন নীতির প্রথম প্রবক্তা হিসাবে অভিহিত বা চিহ্নিত করা হয়ে থাকে।

**4** **জনপ্রশাসন কোথায় জন্মলাভ করে? কাকে জনপ্রশাসনের জনক বা পিতা বলা হয়?**

**Ans :** ♦ মার্কিন যুক্তরাষ্ট্রে (USA)। এখানে এই শাস্ত্রটিকে বিভিন্নভাবে বর্ধিত ও অলঙ্কৃত করা হয়।

♦ উড্রোউইলসন। (তিনি রাজনীতি ও প্রশাসনকে বিভাজন করেন।)

**5** **জনপ্রশাসনের সংজ্ঞা দাও।**

**Ans :** ♦ সংকীর্ণ অর্থে, কেবলমাত্র সরকারের executive বা শাসনবিভাগের কার্য্যাবলীই হল জন-প্রশাসন।

♦ উড্রো উইলসনের মতে, জনপ্রশাসন হল আইনের বিশদ বা সুসংবদ্ধ প্রয়োগ।

♦ L.D. White-এর মতে জননীতি রূপায়ণ সংক্রান্ত সকল ক্রিয়া-কলাপই হল জনপ্রশাসন।

♦ H. Simon-এর মতে, জনপ্রশাসন হল শাসনবিভাগীয় বা প্রশাসনিক ক্রিয়াকলাপ।

♦ সঠিক অর্থে, জনপ্রশাসন হল সরকারের আইন এবং নীতিকে কার্যে পরিণত করার জন্য একটি অ-রাজনৈতিক আমলাতান্ত্রিক প্রতিষ্ঠান।

♦ এককথায়- জনপ্রশাসন হল সরকারের ক্রিয়াশীল অংশ, যার দ্বারা সরকারের উদ্দেশ্য বা লক্ষ বাস্তবে রূপায়িত হয়।

**6** **সর্বপ্রথম কে রাজনীতি ও প্রশাসন উভয় বিষয়ের দ্বি-বিভাজন করেন?**

**Ans :** ♦ উড্রোউইলসন।

**7** **রাজনীতি ও প্রশাসন দ্বিবিভাজন নীতির দু-জন প্রবক্তার নাম উল্লেখ কর।**

**Ans :** ♦ উড্রোউইলসন ও ফ্রাঙ্ক গুডনাউ।

**8** **'Introduction to the study of Public Adminstration' গ্রন্থটির লেখক কে, এবং এটি কবে প্রকাশিত হয়?**

**Ans :** ♦ L.D. White

♦ 1926 সালে।

**9** 'Politics and Administration' **গ্রন্থটির লেখক কে, এবং এটি কবে প্রকাশিত হয়?**

**Ans :** ♦ ফ্রাঙ্ক. জে. গুডনাউ (Frank. J. Goodnow)

♦ 1900 সালে।

**'The Dynamics of Public Administration' গ্রন্থটির প্রণেতা কে? এটির প্রকাশকাল উল্লেখ করো।**

**Ans :** ♦ G.E. Caiden

♦ 1971 সালে।

> ♦ **NOTE :**
> The Introduction to Public Adminstration — L.D. White.
> An Introduction to Public Adminstration (1979) ; ভেনিস ডার্বিশায়ার
> An Introduction to Public Adminstration (1952) ; ই. এন. গ্ল্যাডন

**10** Administrative Behaviour **গ্রন্থটি কার এব কবে প্রকাশিত হয়?**

**Ans :** ♦ Herbert A. Simon

♦ 1947 সালে।

**11** **Principles of Public Administration গ্রন্থটির লেখক কে? এবং এটি কবে প্রকাশিত হয়?**

**Ans :** ♦ W.F. Willoughby

♦ 1927 সালে।

**12** **"জনপ্রশাসন হল জনসাধারণের নিমিত্তে রচিত আইনের অনুপুঙ্খ ও শৃঙ্খলাবদ্ধ বাস্তব রূপায়ণ" এই উক্তিটি কার?**

**Ans :** ♦ উড্রোউইলসন-এর।

> ♦ **NOTE :**
> ❖ Public Administration Clearing House এর সম্মেলন — 1935
> ❖ American Society for Public Administration (ASPA) : In Improving Teaching and Practice in Public Administration.

- ❖ Luther H. Gulick এবং Lyndall Urwick এর "Papers on the Science of Administration (1937) জনপ্রশাসনকে বিশেষ মর্যাদা প্রদান করে।
- ❖ Chester I. Barnard — The Functions of the Executive (1938).
- ❖ প্রথম Minnobrook Conference — 1968
- ❖ দ্বিতীয় Minnobrook Conference — 1988
- ❖ তৃতীয় Minnobrook Conference — 2008
- ❖ The grace Commission, — 1984
- ❖ DBT — Direct Benefit Transfer

**13** "জনপ্রশাসনের দু-জন বিখ্যাত চিন্তাবিদের নাম উল্লেখ করো।

**Ans :** ♦ হেনরি ফেওল (1841-1925) French Administration Theorist

♦ হার্বার্ট. এ. সাইমন (1908-1970) American Psychologist

♦ কার্ল মার্কস (1818-1883) German Revolutionary Philosopher and Political Economist.

**14** কে কোন রচনায় সর্বপ্রথম জনপ্রশাসনের সংজ্ঞা ও পরিধি বর্ণনা করেন?

**Ans :** ♦ আলেকজান্ডার হ্যামিলটন (1757-1799)

♦ Federalist No. 72 (1788)

**◆ NOTE :**

1887 খ্রীঃ উড্রোউইলসন Political Science Quarterly তে তাঁর উল্লেখযোগ্য প্রবন্ধ হল The Study of Administration। এটিকে ব্যাপকভাবে জনপ্রশাসনের ক্ষেত্রে একটি মৌলিক নিবন্ধ হিসেবে বিবেচনা করা হয়।

**15** কে কবে প্রথম **'Development Administration'** বা উন্নয়ণমূলক প্রশাসনের ধারণা দেন?

**Ans :** ♦ U.L. Goswami

♦ 1955 সালে।

**◆ NOTE :**

1954 সালে ফোর্ড ফাউন্ডেশন ও মার্কিন আর্থিক সহায়তায় এবং Paul Appleby-র উদ্যোগে দিল্লিতে Indian institute of Public Administration প্রতিষ্ঠিত হয়।

**উল্লেখযোগ্য কয়েকটি গ্রন্থ—**

- ❖ Frank. J. Goodnow — Politics and Administration (1900).
- ❖ Nicholas Henry — Public Administratiion and Public Affairs.
- ❖ Dwight Waldo — Ideas and Issues in Public Administration.
- ❖ Paul Appleby — Policy and Administration (1949).
- ❖ R.K. Sapru — Administrative Theories and Management Thought
- ❖ Dwight Waldo — The Adminitrative State (1948)
- ❖ F.M. Marks — Elements of Public Administration (1946).
- ❖ Henry Fayol — General and Industrial Management (1949).
- ❖ Chester I. Barnard — The Functions of the Executive (1938)
- ❖ Herbert A. Simon — Administrative Behaviour (1947)
- ❖ W. F. Willoughby — Principles of Public Administration (1927)]

**উল্লেখযোগ্য কয়েকটি সাল—**

- ❖ 1858 খ্রী. — ভারতশাসন আইন।
- ❖ 1882 খ্রী. — ইন্ডিয়ান কাউন্সিলস্ অ্যাক্ট।
- ❖ 1909 খ্রী. — মোর্লে মিন্টো সংস্কার।
- ❖ 1919 খ্রী. — মন্টেগু চেমস্ ফোর্ড সংস্কার এবং
- ❖ 1935 খ্রী. — ভারত শাসন আইন ভারতবর্ষের প্রশাসনিক ইতিহাসে অত্যন্ত গুরুত্বপূর্ণ দিক। কিন্তু এই সব পদক্ষেপ সরকারী স্তরেই গৃহীত হয়েছে এবং বাস্তবায়িত হয়েছে।

**16 জনপ্রশাসনের দুটি মূল উদ্দেশ্য উল্লেখ কর।**

**Ans :** ♦ [1] নীতি ও আইনসমূহকে সুশৃঙ্খলভাবে বাস্তবায়িত করা।
♦ [2] সামাজিক ও প্রশাসনিক অন্তরায় ও সমস্যাগুলিকে নির্ধারণ করা।
♦ [3] সামাজিক অগ্রগতি বজায় রাখা।

**17 কে কোন গ্রন্থে জনপ্রশাসনের আন্তর্জাতিকীকরণের কথা উল্লেখ করেন?**

**Ans :** ♦ G.E. Caiden
♦ The Dynamics of Public Administration (1971).

**18 জনপ্রশাসন শাস্ত্রের পাঠের প্রয়োজনীয়তা বা উপযোগীতা কিংবা গুরুত্ব কি?**

**Ans :** ♦ [1] নাগরিকবর্গের উচিত জনপ্রশাসন সম্পর্কে জ্ঞান অর্জন এবং চেতনা বা সচেতনতা গড়ে তোলা।
♦ [2] যে সকল নাগরিকবৃন্দ দেশের প্রশাসনিক ক্রিয়া-কলাপে যুক্ত হতে চান, সেক্ষেত্রে তাঁদের জনপ্রশাসন পাঠ করা জরুরী।

**19 জনপ্রশাসনের দুটি বৈশিষ্ট্য উল্লেখ করো।**

**Ans :** ♦ [1] আইন কার্যকর করার মধ্য দিয়ে জনগণের আচরণকে নিয়ন্ত্রণ করা।
♦.[2] প্রত্যাশিত সুবিধাভোগীদের নিকট প্রতিশ্রুত সুবিধা প্রদান করা।
♦ [3] জনপ্রশাসন সামাজিক পরিবর্তন ও অর্থনৈতিক উন্নয়ণের একটি প্রভাবশালী হাতিয়ার।

**20 কে প্রথম জনপ্রশাসনকে একটি বিজ্ঞান বলে চিহ্নিত করেন?**

**Ans :** উড্রোউইলসন (1887 সালে)।

**21 Woodrow Wilson এর 1887 খ্রীঃ লিখিত প্রবন্ধটির শিরোনাম কি?**

**Ans :** The Study of Administration.

**22 ASPA এর Fullform বা সম্পূর্ণরূপ কী?**

**Ans :** American Society for Public Administration.

**23 "General and Administrative Management" গ্রন্থের লেখক কে? এটি কবে প্রকাশিত হয়?**

**Ans :** Henry Fayol. এটি ফরাসি ভাষায় প্রথম প্রকাশিত হয় 1916 খ্রিস্টাব্দে আর ইংরাজিতে 1949 খ্রিস্টাব্দে।

**24 তৃতীয় Minnobrook Conference কবে অনুষ্ঠিত হয়? এখানে কে সভাপতিত্ব করেছিলেন?**

**Ans :** 2008 সালে। সভাপতিত্ব করেছিলেন Rosemary O' Leary।

**25 Administration শব্দটি কোন্ শব্দ থেকে উৎপত্তি হয়?**

**Ans :** Administration বা প্রশাসন শব্দটি এসেছে ইংরেজি শব্দ administer থেকে এবং administer শব্দটি এসেছে ল্যাটিন শব্দ 'ad' এবং 'Ministare' শব্দ থেকে, যার অর্থ সেবা করা।

**26 POSDCORB ফরমুলার প্রথম প্রবক্তার নাম উল্লেখ কর।**

**Ans :** লুথার গ্যালিক।

**27 কবে জনপ্রশাসন একটি স্বতন্ত্র বিষয়রূপে আত্মপ্রকাশ করে?**

**Ans :** 1887 খ্রীঃ।

**28 রাজনীতি প্রশাসন দ্বিবিভাজন তত্ত্বের উদ্যোক্তা বা জনক কে?**

**Ans :** উড্রোউইলসন।

**29 জনপ্রশাসন কি?**

**Ans :** জনপ্রশাসন হল এমন একটি প্রক্রিয়া, যার মাধ্যমে সরকারের আইন ও নীতি বাস্তবায়ন করা হয়।

**30 জনপ্রশাসনকে সরকারী প্রশাসন বলা হয় কেন?**

**Ans :** কারণ, জনপ্রশাসন একটি সরকারী ব্যবস্থায় চলে।

**31 ব্যক্তিগত প্রশাসন কি?**

**Ans :** ব্যক্তিগত প্রশাসন একটি ব্যবসায়িক প্রক্রিয়া।

**32 কোন ঘটনার পর জনপ্রশাসন ক্রমশ আন্তর্জাতিক হয়ে ওঠে?**

**Ans :** দ্বিতীয় বিশ্বযুদ্ধ বা দ্বিতীয় মহাযুদ্ধের পর থেকে।

**33 রাজনীতি ও প্রশাসনে উভয় বিষয়ে দ্বি-বিভাজন নীতির প্রথম প্রবক্তা কে?**

**Ans :** উড্রো উইলসন।

**34 কবে 'নয়া জনপ্রশাসনের' জন্ম হয়?**

**Ans :** বিশ শতকের সাতের দশকে।

**35 কোন দেশকে আধুনিক জনপ্রশাসনের উদ্যোক্তা বলা হয়?**

**Ans :** প্রাশিয়াকে।

**36 উড্রোউইলসন কোন বিশ্ববিদ্যালয়ে অধ্যাপনা করতেন?**

**Ans :** USA-এর প্রিন্সটন বিশ্ববিদ্যালয়ে। (রাষ্ট্রবিজ্ঞান বিষয়ে অধ্যাপনা করতেন)।

**37 রাজনীতি ও প্রশাসন উভয় বিষয়কে উড্রোউইলসন কোন দৃষ্টিকোণ থেকে দেখতেন?**

**Ans :** স্বতন্ত্র বা পৃথক বিষয়গত দৃষ্টিভঙ্গী থেকে।

**38 কাকে The Pioneer of Public Administration হিসাবে চিহ্নিত করা হয়?**

**Ans :** উড্রো উইলসনকে (1856-1924)।

**39 কবে জনপ্রশাসনে অস্তিত্ব সংকটের সম্মুখীন হয়?**

**Ans :** দ্বিতীয় বিশ্বযুদ্ধ বা মহাযুদ্ধের পর।

**40 কবে নয়া জনপ্রশাসনের জন্ম হয়?**

**Ans :** বিশ শতকের সাতের দশকে।

**41 'Federalist No-72' (1788)-এর লেখক কে?**

**Ans :** আলেকজান্ডার হ্যামিলটন (1757-1799)।

◆ **NOTE :**

জনপ্রশাসনকে সামাজিক সমস্যাগুলি মোকাবেলা করার জন্য উন্নত প্রযুক্তিগত কৌশলগুলি ব্যবহার করতে হয়। সেগুলি নিম্নরূপ—

- ❖ রাজনীতি সংরক্ষণ।
- ❖ স্থিতিশীলতা এবং শৃঙ্খলা রক্ষণাবেক্ষণ।
- ❖ আর্থ-সামাজিক পরিবর্তনের প্রাতিষ্ঠানিকীকরণ।
- ❖ বড় মাপের বাণিজ্যিক পরিষেবার ব্যবস্থাপনা।
- ❖ প্রবৃদ্ধি ও অর্থনৈতিক উন্নয়ণ নিশ্চিত করা।
- ❖ সমাজের দুর্বল অংশের সুরক্ষা।
- ❖ জনমত গঠন।
- ❖ জনসাধারণের নীতি ও রাজনৈতিক প্রবণতাকে প্রভাবিত করা ইত্যাদি।

**42** **সরকারী প্রশাসন ও বেসরকারী প্রশাসনের মধ্যে দুটি মূল পার্থক্য উল্লেখ করো। বা পাবলিক ও প্রাইভেট প্রশাসনের মধ্যে দুটি মূল পার্থক্য লেখ।**

**Ans :** [1] সরকার কর্তৃক প্রতিষ্ঠিত উদ্দেশ্য অর্জনের জন্য রাষ্ট্রের বিষয়গুলির সুশৃঙ্খল এবং সুপরিকল্পিত ব্যবস্থাপনাকে জনপ্রশাসন বলা হয়।

- ♦ পক্ষান্তরে প্রাইভেট বা বেসরকারী Administration শব্দটি ব্যবসায়িক এন্টারপ্রাইজের কার্যক্রম পরিচালনা, ব্যবস্থাপনা এবং সংগঠনকে বোঝায়।

[2] জনপ্রশাসন একটি রাজনৈতিক প্রক্রিয়া।

- ♦ কিন্তু বেসরকারী প্রশাসন একটি ব্যবসায়িক কার্যক্রম।

[3] Public Administration সরকারী Set-up-এ পরিণতি হয়।

- ♦ কিন্তু Private Administration সরকারী Set-up ছাড়া অন্য কাঠামোতে কার্য করে।

[4] জনপ্রশাসনে সিদ্ধান্ত গ্রহণ বহুত্ববাদী।

- ♦ অন্যদিকে, বেসরকারী প্রশাসনে একচেটিয়া সিদ্ধান্ত নেওয়া হয়।

[5] জবাবদিহিতার ক্ষেত্রে সরকারী কর্মকর্তারা সাধারণ জনগণের নিকট দায়বদ্ধ।

- ♦ কিন্তু বেসরকারী প্রশাসন যেখানে কর্মচারীরা মালিকের নিকট দায়বদ্ধ।

[6] জনপ্রশাসন কল্যাণমুখী; এটা সেবা উদ্দেশ্যের সঙ্গে কাজ করে।

- ♦ পক্ষান্তরে, বেসরকারী প্রশাসন মুনাফামুখী।

**43** **জনপ্রশাসনের বিবর্তনকে কয়টি ভাগে বা পর্যায়ে বিভক্ত করা যায় ও কি কি?**

**Ans :** ♦ জনপ্রশাসনের বিবর্তনকে মূলত পাঁচটি ভাগ বা পর্যায়ে বিভক্ত করা যায়।

♦ যথা– [1] 1887-1926 প্রথম পর্যায়;
[2] 1927-1937 দ্বিতীয় পর্যায়;
[3] 1938-1947 তৃতীয় পর্যায়;
[4] 1948-1970 চতুর্থ পর্যায়; এবং
[5] 1971 থেকে বিদ্যমান সময় পর্যন্ত পঞ্চম পর্যায়।

**44** **জনপ্রশাসনের বিবর্তনের প্রথম পর্যায় (1887-1926) টি কি নামে পরিচিত বা চিহ্নিত?**

**Ans :** রাজনীতি প্রশাসন দ্বি-বিভাজনের পর্যায়।

**45** **জনপ্রশাসনের বিবর্তনের দ্বিতীয় পর্যায় (1927-1937) টিকে কি নামে অভিহিত করা হয়?**

**Ans :** বৈজ্ঞানিক পরিচালন ব্যবস্থার পর্যায়।

**46** **জনপ্রশাসনের বিবর্তনের তৃতীয় পর্যায় (1938-1947) টি গুরুত্বপূর্ণ কেন?**

**Ans :** এই পর্যায়ে মানব সম্পর্ক গোষ্ঠীর জন্ম হয়।

**47** **জনপ্রশাসনের বিবর্তনের চতুর্থ পর্যায় (1948-1970) টি নামে অভিহিত হয়?**

**Ans :** এই পর্যায়টি 'প্রশাসনিক আচরণ' ও 'আচরণ বিকল্পতার পর্যায়' নামে খ্যাত।

**48** **জনপ্রশাসনের বিবর্তনের পঞ্চম স্তরটি (1971-বিদ্যমান সময় পর্যন্ত) কি নামে পরিচিত?**

**Ans :** এই স্তর বা পর্যায়টি আধুনিকায়ণ ও অস্তিত্ব সংকটের পর্যায় নামে চিহ্নিত।

**49** **রাজনীতি প্রশাসন দ্বি-বিভাজনের প্রথম ও দ্বিতীয় পর্বের মধ্যে দুটি উদ্দেশ্যগত পার্থক্য উল্লেখ কর।**

**Ans :** ♦ প্রথম পর্বে (1887-1926) রাজনীতি-প্রশাসন দ্বি-বিভাজনের উদ্দেশ্য ছিল — জন প্রশাসনকে যে কোনো উপায়ে রাজনীতির প্রত্যক্ষ সংস্রব থেকে মুক্ত ও বিচ্ছিন্ন করা।

♦ আর দ্বিতীয় পর্বে (1927-1937) রাজনীতি প্রশাসনের দ্বি-বিভাজনের মুল উদ্দেশ্য ছিল প্রশাসনের নিজস্ব মুল্যবোধ ও দৃষ্টিভঙ্গী গড়ে তোলা।

**50** **এমন দু-জন তাত্ত্বিকের নাম কর, যারা প্রশাসন ও রাজনীতিকে দুটি স্বতন্ত্র বা পৃথক বিষয় বলে মনে করতেন?**

**Ans :** উড্রোউইলসন, এল.ডি. হোয়াইট
হেনরি ফেয়ল, এফ.জে.গুডনাউ
ডব্লিউ.এফ. উইলোবি প্রমুখ।

**51** **এমন দু-জন তাত্ত্বিকের নাম কর, যারা রাজনীতি ও প্রশাসনকে পৃথক বা স্বতন্ত্র রূপে মনে করেন না, বরং একে অপরের পরিপূরক?**

**Ans :** লুথার গ্যালিক, এবং আরউইক, পল অ্যাপলবি প্রমুখ।

**52** **কিভাবে উড্রো উইলসন রাজনীতি ও প্রশাসনের মধ্যে দ্বি-বিভাজনকে ব্যাখ্যা করেন? বা রাজনীতি ও প্রশাসনের মধ্যে মুল পার্থক্যগুলি উল্লেখ কর।**

**Ans :** [1] রাজনীতির ক্রিয়া বা কার্য হল নীতি নির্ধারণ করা।

♦ পক্ষান্তরে, প্রশাসনের ক্রিয়া বা কার্য হল নীতিকে বাস্তবে রূপায়িত করা।

[2] রাজনীতির মধ্যে পক্ষপাতিত্ব বিদ্যমান।

♦ কিন্তু প্রশাসনের মধ্যে তা থাকে না।

**53** **রাজনীতি ও কূটনীতির মধ্যে একটি পার্থক্য উল্লেখ কর।**

**Ans :** রাজনীতি হল স্থির এবং সামগ্রিক সিদ্ধান্ত নেওয়ার একটি পদ্ধতি বিশেষ। আবার রাজনীতি যা সরকারের নিয়ন্ত্রণ ও ক্ষমতা অর্জন এবং ধরে রাখার সঙ্গে যুক্ত ক্রিয়াকলাপ ও নীতি।

পক্ষান্তরে, কূটনীতি হল — কূটনৈতিক এবং সূক্ষ্মভাবে এক বা একাধিক পক্ষের মধ্যে বিতর্ক, চুক্তি এবং সংযোগগুলি পরিচালনা এবং নিয়ন্ত্রণ করা।

**54** **প্রথম Minnowbrook Conference- কবে অনুষ্ঠিত হয়? এবং এর সভাপতিত্ব করেন কে?**

**Ans :** ♦ 1968 সালে।

♦ এই সম্মেলনে সভাপতিত্ব করেন — Dwight Waldo.

**55** দ্বিতীয় Minnowbrook Conference- **কবে অনুষ্ঠিত হয়? এবং এর সভাপতিত্ব করেন কে?**

**Ans :** ♦ 1988 সালে।

♦ এই সম্মেলনে সভাপতিত্ব করেন — George Friedrickson

**56** তৃতীয় **Minnowbrook Conference- কবে অনুষ্ঠিত হয়? এবং এর সভাপতিত্ব করেন কে?**

**Ans :** ♦ 2008 সালে।

♦ এই সম্মেলনে সভাপতিত্ব করেন — Rosemary O' Leary

◆ **NOTE :**

**Significance of Public Administration বা জনপ্রশাসনের তাৎপর্য ঃ**

❖ মানুষের জন্ম থেকে মৃত্যু পর্যন্ত জনপ্রশাসন দ্বারা প্রভাবিত। জনপ্রশাসন বিভিন্ন উপায়ে তার ভূমিকা সম্পাদন করে থাকে, যা জনপ্রশাসন বিশেষভাবে তাৎপর্যপূর্ণ করে তোলে। অতএব, Public Administration বা জনপ্রশাসনের তাৎপর্য বা গুরুত্বপূর্ণ ভূমিকাগুলি নিম্নরূপ ঃ

**[1] পরিষেবা প্রদানের জন্য একটি উপকরণ হিসাবে ঃ**

❖ এটি নাগরিকদের বিভিন্ন পরিষেবা প্রদান করে। যেমন— শিক্ষা, স্বাস্থ্য, আবাসন, সামাজিক নিরাপত্তা এবং আরো অনেক কিছু। এই সকল পরিষেবাগুলি মানুষের জীবনকে প্রতি মুহূর্তে প্রভাবিত করে। জনপ্রশাসন ছাড়া সরকার প্রদত্ত সেবা কখনই জনগণের নিকট পৌছাতে পারে না।

**[2] সরকারের আইন ও নীতি বাস্তবায়নের জন্য একটি উপকরণ হিসাবে ঃ**

❖ এটি সরকার কর্তৃক প্রণীত আইন, পাবলিক নীতি এবং কর্মসূচি বাস্তবায়নে গুরুত্বপূর্ণ ভূমিকা সম্পাদন বা পালন করে। সরকার জনগণের স্বার্থে আইন ও নীতি প্রণয়ন করে। আর জনপ্রশাসন তাদের বাস্তবে তুলে ধরে।

**[3] উন্নয়ন ও আর্থসামাজিক পরিবর্তনের জন্য একটি উপকরণ হিসাবে ঃ**

❖ এটি দেশের উন্নয়ন ও আর্থ-সামাজিক পরিবর্তনের জন্যও দায়ী। দ্বিতীয় মহাযুদ্ধের পর অনেক জাতির উদ্ভব হয়। স্বাধীনতার পর জনপ্রশাসন তাদের আর্থ-সামাজিক উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে।

❖ যেমন, ভারতে একটি দরিদ্র বিমোচন কর্মসূচি, কর্মসংস্থান নিশ্চিতকরণ প্রকল্প সম্প্রদায় উন্নয়ন কর্মসূচী, প্রত্যন্ত গ্রামের বিদ্যুতায়ন, রাস্তা নির্মাণ ইত্যাদি বিশেষভাবে উল্লেখযোগ্য।

**[4] টেকসই উন্নয়নের জন্য একটি উপকরণ হিসাবে ঃ**

❖ যে উন্নয়ন ভবিষ্যত প্রজন্মের নিজস্ব চাহিদা মেটাতে সক্ষমতার সঙ্গে আপস না করে; বর্তমানের চাহিদা পূরণ করে, তাকে টেকসই উন্নয়ন বা Sustainable Development বলে।

❖ অর্থ্যাৎ পরিবেশের ক্ষতি না করেই অর্থনৈতিক উন্নয়ন। পরিবেশ রক্ষায় প্রশাসকরা গুরুত্বপুর্ণ ভূমিকা পালন করেছে। জনপ্রশাসনের মাধ্যমে সমস্ত পরিবেশগত সমস্যা সমাধান করা হয়।

**[5] জাতীয় সংহতির জন্য একটি উপকরণ হিসাবে ঃ**

❖ সংকটের সময় এটি জাতীয় সংহতি বজায় রাখতে সহায়তা করে। যেমন ভারত বিভক্তির পর জাতীয় সংহতির সংকট দেখা দেয় এবং এই পরিস্থিতি কাটিয়ে উঠতে জনপ্রশাসন অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। আবার এটি উদ্বাস্তুদের পুনর্বাসন প্রক্রিয়ায় সহায়তা করে এবং ভারতীয় ভূখন্ডের সঙ্গে বিভিন্ন রাজ্যগুলিকে একীভূত করে।